গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**প্রজ্ঞাপন**

ঢাকা, ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫/২২ মে ২০১৮

স্মারক নম্বর ০৪.০০.০০০০.৮২৩.৭৯.০০৯.১৮.০৪৪ তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে ১১ সেপ্টেম্বর ২০১৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪.০০.০০০০.২২১.১৪.০৪৩.১৪,৬৪৩ সংখ্যক স্মারকে জেলা উপদেষ্টা কমিটি নিম্নরূপভাবে সরকার পুনর্গঠন করল:

**তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি**

| | | | |
|---|---|---|---|
| ০১. | জেলা প্রশাসক | : | সভাপতি |
| ০২. | পুলিশ সুপার | : | সদস্য |
| ০৩. | সিভিল সার্জন | : | সদস্য |
| ০৪. | উপজেলা পরিষদ চেয়ারম্যান (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ০৫. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) | : | সদস্য |
| ০৬. | একজন অধ্যক্ষ (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ০৭. | নির্বাহী প্রকৌশলী (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ০৮. | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | : | সদস্য |
| ০৯. | উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | : | সদস্য |
| ১০. | উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | : | সদস্য |
| ১১. | জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | : | সদস্য |
| ১২. | জেলা শিক্ষা অফিসার | : | সদস্য |
| ১৩. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | : | সদস্য |
| ১৪. | সংশ্লিষ্ট জেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) | : | সদস্য |
| ১৫ | জেলা তথ্য কর্মকর্তা | : | সদস্য |
| ১৬. | সভাপতি, জেলা প্রেস ক্লাব | : | সদস্য |
| ১৭. | সভাপতি, জেলা বার অ্যাসোসিয়েশন | : | সদস্য |
| ১৮. | সভাপতি, জেলা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ | : | সদস্য |
| ১৯. | দুইজন এনজিও প্রতিনিধি (আরটিআই-সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২০. | দুইজন মহিলা প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২১. | সুশীল সমাজের একজন প্রতিনিধি (সনাক অথবা দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্য, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ২২. | জেলা প্রশাসকের কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | : | সদস্য-সচিব |

(১) কমিটির কার্যপরিধি:

(ক) তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ;
(খ) তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং চাহিদাকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
(গ) জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;
(ঘ) তথ্য অধিকার বিষয়ক জাতীয় ও আন্তর্জাতিক দিবস উদ্‌যাপন;
(ঙ) জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি/বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়;
(চ) তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান;
(ছ) তথ্য অধিকার আইন সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান; এবং
(জ) নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ।

(২) কমিটি প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হবে এবং সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন এবং বিভাগীয় কমিটির নিকট প্রেরণ করবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২২/৫/২০১৮

এন এম জিয়াউল আলম
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ